# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ

ফোন : ০২২২৩৩৮৬৯১১, ই-মেইল : dgmpd2@krishibank.org.bd



গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে


প্রশাসন পরিপত্র নং-০৩/২০২৬

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ / ০৯ ফেব্রুয়ারি ২০২৬

**বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য এক্স-গ্রেসিয়া প্রদান প্রসঙ্গে।**

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বিশেষায়িত ব্যাংক-১ শাখা'র স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৩২১.১৮.০০২.১৬.১৫, তারিখ ০৯ ফেব্রুয়ারি ২০২৬ সংশ্লিষ্ট সকলের অবগতি এবং যথাযথভাবে পরিপালনের জন্য সংযুক্ত করে প্রেরণ করা হলো।

০২। উপর্যুক্ত পত্রের মাধ্যমে ব্যাংকের সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণকে ৩০ জুন, ২০২৪ তারিখে আহরিত বা প্রাপ্য মূলবেতনের ভিত্তিতে ০১ (এক) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ এক্স-গ্রেসিয়া হিসেবে প্রদানে সরকারি অনুমোদন জ্ঞাপন করা হয়েছে। উক্ত অনুমোদনের আলোকে সংশ্লিষ্ট সকলকে এক্স-গ্রেসিয়া প্রদান করা যাবে।

০৩। বাংলাদেশ কৃষি ব্যাংক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা এর পত্র নং-৬৪১, তারিখ ১৮ মার্চ ২০২৫ এর নির্দেশনা মোতাবেক এক্স-গ্রেসিয়া এর অর্থ প্রদানের ক্ষেত্রে প্রধান কার্যালয় বরাবর ডেবিট এ্যাডভাইস ইস্যুর পরিবর্তে **"১৩১/২২৮ (Ex-gratia Parking Head)"** নামীয় খাতে ডেবিট পোস্টিং দেয়ার পরামর্শ দেয়া হলো।

০৪। উক্ত এক্স-গ্রেসিয়ার অর্থ প্রদানের বিষয়ে প্রশাসন পরিপত্র নং-১৭/৯৬ তারিখ: ২৩ নভেম্বর ১৯৯৬ ও পরিপত্র নং ১৩/২০২৩ তারিখ: ২৯ আগস্ট ২০২৩ এর শর্তাবলি প্রযোজ্য হবে। এছাড়া অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত গুদাম কর্মচারীগণকে প্রশাসন পরিপত্র নং ১৭/৯৭ তারিখ: ০৭ অক্টোবর ১৯৯৭ এর নির্দেশনা পরিপালন সাপেক্ষে উক্ত অর্থ প্রদান করা যাবে।

অনুমোদনক্রমে-

০৯/০২/২০২৬

(মোঃ জাহিদ হোসেন)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তি: ০৭ (সাত) পাতা।

প্রকা/এইচআরএমডি/সেকশন-২/১৬(১)(৮)/২০২৫-২০২৬/১৯৯২(১২৫০)

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ / ০৯ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক/অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪। সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/বোর্ড-সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (প্রশাসন পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো)।
৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক রিজিওনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম/খুলনা।
৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

০৯/০২/২০২৬

(মোঃ রকিবুল হাসান)
সহকারী মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-১ শাখা
www.fid.gov.bd

নম্বর-৫৩.০০.০০০০.৩২১.১৮.০০২.১৬.১৫

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ / ০৯ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য এক্স-গ্রেসিয়া প্রদান।

সূত্র: বিকেবি পত্র সূত্র নম্বর-প্রকা/হিসাব-১/বিএস ১৪ (৪)/২০২৫-২০২৬/১৪৬০, তারিখ: ২০ জানুয়ারি ২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) কর্মকর্তা/কর্মচারীদেরকে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এক্স-গ্রেসিয়া হিসেবে প্রদানে সরকারি অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

(ক) এ বাবদ যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থবছরের নিজস্ব বাজেট বরাদ্দ হতে নির্বাহ করতে হবে;

(খ) অনুমোদিত এক্স-গ্রেসিয়া শুধুমাত্র বাংলাদেশ কৃষি ব্যাংকের স্থায়ী ও ২০২৩-২০২৪ অর্থবছরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্য হবে;

(গ) বাংলাদেশ কৃষি ব্যাংকের যে সকল কর্মকর্তা/কর্মচারী ২০২৩-২০২৪ অর্থবছরে প্রেষণে সরকারি দপ্তরে/রাষ্ট্র মালিকানাধীন অপর ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে নিয়োজিত ছিলেন কিন্তু বিকেবি হতে বেতন-ভাতাদি প্রাপ্ত হতেন তাদের জন্যও বর্ণিত আর্থিক সুবিধা প্রযোজ্য হবে। তবে অন্য কোন প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তা/কর্মচারী বর্ণিত অর্থবছরে প্রেষণে বিকেবি'তে কর্মরত ছিলেন কিন্তু তাদের নিজ নিজ মূল প্রতিষ্ঠান হতে বেতন-ভাতা প্রাপ্ত হতেন তাদের জন্য এ আদেশ কার্যকর হবে না;

(ঘ) উল্লিখিত এক্স-গ্রেসিয়া ৩০ জুন, ২০২৪ তারিখে আহরিত বা প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে প্রদান করতে হবে;

(ঙ) ব্যাংকের লোকসান হ্রাস করে মুনাফা অর্জনের সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০৯/২/২০২৬
(মোহাম্মদ মিজানুর রহমান)
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৪২৮২

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

নম্বর-৫৩.০০.০০০০.০০০.৩২১.১৮.০০২.১৬.১৫

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ / ০৯ ফেব্রুয়ারি ২০২৬

সদয় জ্ঞাতার্থে:

(১) সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(২) অতিরিক্ত সচিব ( বিশেষায়িত ব্যাংক ও ক্ষুদ্রঋণ অনুবিভাগ ) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৩) অফিস কপি/ মাস্টার কপি।

(মোহাম্মদ মিজানুর রহমান)
উপসচিব

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোন ঃ ০২২২৩৩৮৬৯৩১, ৯৫৬০০২১-২৫, ৯৫৬০০৩১-৩৫ e-mail : dgmaccounts1@krishibank.org.bd


## কেন্দ্রীয় হিসাব বিভাগ

নং-প্রকা/হিসাব-১/১(২৪)/২০২৪-২৫/৬৪১ তারিখঃ ১৮.০৩.২০২৫

০১। উপমহাব্যবস্থাপক
লোকাল প্রিন্সিপাল অফিস/সকল কর্পোরেট শাখা
০২। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
০৩। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ শাখা কর্তৃক Ex-gratia এর অর্থ প্রদানপূর্বক প্রধান কার্যালয় বরাবর ডেবিট এ্যাডভাইস ইস্যুর পরিবর্তে শাখার ১৩১/২২৮- Ex-gratia Parking Head এ পোস্টিং প্রদান এবং জমাকৃত অর্থ প্রধান কার্যালয়ে স্থানান্তরের স্বয়ংক্রিয় পদ্ধতি চালুকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২. শাখা কর্তৃক Ex-gratia এর অর্থ প্রদানপূর্বক প্রধান কার্যালয় বরাবর ডেবিট এ্যাডভাইস ইস্যুর পরিবর্তে শাখার আদায়যোগ্য হিসাব খাতে পোস্টিং এর জন্য নিম্নোক্ত একটি হিসাব খাত খোলা হয়েছেঃ

| খাতের শিরোনাম | হিসাব খাত |
|---|---|
| Ex-gratia Parking Head | ১৩১/২২৮ |

০৩. বর্ণিত হিসাব খাতে জমাকৃত অর্থ অর্ধ-বার্ষিক এবং বার্ষিক হিসাব সমাপনীর সময় CBS এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে প্রধান কার্যালয়ে স্থানান্তরিত হবে। **উল্লেখ্য, ১৩১/২২৮ হিসাব খাতে পোস্টিং এর সময় Remarks এর ঘরে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা উল্লেখ করতে হবে।**

০৪. এমতাবস্থায়, Ex-gratia এর অর্থ প্রদানপূর্বক প্রধান কার্যালয় বরাবর ডেবিট এ্যাডভাইস ইস্যুর পরিবর্তে এখন থেকে সকল শাখাকে ১৩১/২২৮- Ex-gratia Parking Head নামীয় খাতে ডেবিট পোস্টিং দেয়ার পরামর্শ প্রদান করা হলো।

আপনার বিশ্বস্ত,

১৮.০৩.২০২৫
(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

পত্র নং-প্রকা/হিসাব-১/১(২৪)/২০২৪-২৫/৬৪১(১২৫০) তারিখঃ ১৮.০৩.২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা।
**আইসিটি সিস্টেমস বিভাগকে পত্রটি ব্যাংকের website এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বিকেবি।
৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ, বিকেবি ।
৯। নথি/মহানথি।

১৮.০৩.২৫
(আরিফুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১

ফোন : ০২২২৩৩৮৬৯১১
পিএবিএক্স : ০২২২৩৩৮০০২১-২৫/২২৩৩
ই-মেইল : dgmpd2@krishibank.org.bd;
www.krishibank.org.bd


প্রশাসন পরিপত্র নং- ১৩/২০২৩

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংক হতে ইস্তফা/পদত্যাগকারী কর্মকর্তা-কর্মচারীগণের এক্সগ্রেসিয়া প্রাপ্তি প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি ব্যাংকের এক্সগ্রেসিয়া প্রদান সংক্রান্ত নীতিমালা প্রশাসন পরিপত্র নং- ১৭/৯৬ তারিখ: ২৩-১১-১৯৯৬ খ্রিষ্টাব্দের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হল।

২.০ বাংলাদেশ কৃষি ব্যাংক হতে ইস্তফা/পদত্যাগকারী কর্মকর্তা-কর্মচারীগণের এক্সগ্রেসিয়া প্রাপ্তির লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বিশেষায়িত ব্যাংক-১ শাখা'র ২০২০-২০২১ অর্থবছরের জন্য এক্সগ্রেসিয়া অনুমোদন সংক্রান্ত স্মারক নং: ৫৩.০০.০০০০.৩২১.১৮.০০২.১৬.৮৬ জারির তারিখ: ০৫ জুন ২০২৩ খ্রি. হতে ব্যাংকের এক্সগ্রেসিয়া প্রদান সংক্রান্ত নীতিমালা প্রশাসন পরিপত্র নম্বর ১৭/৯৬ তারিখ: ২৩-১১-১৯৯৬ এর ৭নং অনুচ্ছেদটি এতদ্দ্বারা বাতিল করা হল।

অনুমোদনক্রমে-

২৯/০৮/২৩
(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক

প্রকা/এইচআরএমডি-১/ সেকশন-২/৮৪(৪৯)/২০২৩-২০২৪ /৩২৩(১২৫০)

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (প্রশাসন পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হল)।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।
০৯। নথি/মহানথি।

২৯.০৮.২০২৩
(শিবলী সাদিক)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
কর্মচারী ব্যবস্থাপনা বিভাগ-২

প্রশাসন পরিপত্র নং-১৭/৯৭

তারিখ ঃ ০৭-১০-৯৭ ইং / ২২-০৬-১৪০৪বাং

বিষয় ঃ অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত গুদাম কর্মচারীগনকে এক্স-গ্রেসিয়া প্রদান সংক্রান্ত।

অত্র বিভাগ হইতে জারীকৃত ১৮-০৮-৯৭ ইং তারিখের প্রশাসন পরিপত্র নং-১৪/৯৭ এর মাধ্যমে অত্র ব্যাংকের সকল স্থায়ী কর্মকর্তা/কর্মচারীকে ১৯৯৬ ইং সালের ৩০শে জুন তারিখের বেতনের ভিত্তিতে এক মাসের মূল বেতনের সমপরিমান অর্থ এক্স-গ্রেসিয়া হিসাবে প্রদানের সিদ্ধান্ত প্রদান করা হয়।

০২। যে সকল গুদাম কর্মচারী (গোডাউন ষ্টাফ) অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত রহিয়াছেন এবং যাহাদের বেতন, ভাতা ইত্যাদি ঋণ গ্রহীতারা বহন করিয়া থাকেন তাহারাও এক্স-গ্রেসিয়া পাইবেন কিনা এই ব্যাপারে প্রশ্ন দেখা দিয়াছে। উক্ত বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষ নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহন করিয়াছেন ঃ

"যে সমস্ত গুদাম কর্মচারী (গোডাউন ষ্টাফ) অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত রহিয়াছেন এবং যাহাদের বেতন, ভাতা ইত্যাদি ঋণ গ্রহীতাগণ বহন করিয়া থাকেন তাহাদিগকে সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাদের লিখিত সম্মতি সাপেক্ষে সংশ্লিষ্ট ঋণ হিসাব ডেবিট করিয়া বিশেষ বিবেচনায় এক্স-গ্রেসিয়া প্রদান করা যাইবে।"

আদেশক্রমে -

৭/১০/৯৭
( মাহফুজা বানু )
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি/১৬(১)অংশ/৯৭-৯৮/৩৪৬(১২৫০)

তারিখ ঃ ঐ

বিতরন ঃ-

১. ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
২. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৩. সকল উপ -মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪. সকল সহকারী মহাব্যবস্থাপক, কব্যবি-১,২ ও ৩, বিকেবি, প্রকা, ঢাকা।
৫. জনসংযোগ সেল/কম্পিউটার সেল/পেনশন শাখা (মাঃসঃউঃবিঃ), বিকেবি, প্রকা, ঢাকা।
৬. সকল আঞ্চলিক ব্যবস্থাপক/সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
৭. সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।
৮. নথি।

৭/১০/৯৭
( এ, টি, এম, আনিসুর রহমান )
সহকারী মহাব্যবস্থাপক

প্রধান কার্যালয়, ঢাকা।

কর্মচারী ব্যবস্থাপনা বিভাগ-২

প্রশাসন পরিপত্র নং-১৫/৯৬ইং

তারিখ: ২৩-১১-৯৬ইং

বিষয়:- বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের এক্সগ্রেসিয়া প্রদান প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্পৃহা বজায় রাখা এবং স্বল্প বেতনভুক্ত কর্মচারীদের অর্থনৈতিক দিক বিবেচনা করিয়া সরকার বিশেষ মানবিক কারণে ১৯৯১ সাল হইতে ১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া হিসাবে মঞ্জুরী প্রদান করিয়া আসিতেছেন। এতদবিষয়ে ব্যাংকের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায় হইতে উত্থাপিত বিভিন্ন প্রশ্নাবলীর প্রেক্ষিতে গত ১৭-১১-৯৬ইং তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ২২৯তম সভার অনুমোদনক্রমে অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণের এক্সগ্রেসিয়া প্রদান বিষয়ে নিম্নোক্ত নীতিমালা প্রবর্তন করা হইল:-

## এক্সগ্রেসিয়া প্রাপ্তির শর্তাবলী

১) স্থায়ীভাবে মঞ্জুরীকৃত পদের বিপরীতে শিক্ষানবীশ/অফিসিয়েটিং ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীসহ কেবলমাত্র ব্যাংকের নিয়মিত কর্মকর্তা/কর্মচারী এক্সগ্রেসিয়া পাওয়ার যোগ্য হইবেন,

২) সরাসরি নিয়োগের মাধ্যমে ব্যাংকের চাকুরীতে যোগদানকারী কর্মকর্তা/কর্মচারীকে সংশ্লিষ্ট বৎসরের/অর্থ বৎসরের শেষ কর্মদিবসে কমপক্ষে ৬ মাস চাকুরী পূর্ণ করিতে হইবে। ৬ মাস চাকুরীর জন্য ৫০% এবং উর্দ্ধ সময়ের জন্য আনুপাতিক হারে এক্সগ্রেসিয়া প্রাপ্য হইবে,

৩) খন্ডকালীন চাকুরী অথবা দৈনিক ভিত্তিতে বা ওয়ার্ক চার্জ ভিত্তিতে নিয়োজিত ব্যক্তিবর্গ এক্সগ্রেসিয়া প্রাপ্য হইবেন না,

৪) অবসর প্রাপ্ত/মৃত কর্মকর্তা/কর্মচারী যাহারা সংশ্লিষ্ট বৎসরে ব্যাংকের চাকুরীতে কর্মরত ছিলেন তাহারা/তাহাদের উত্তরাধিকারীগণ অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে এক্সগ্রেসিয়া প্রাপ্য হইবেন। এইরূপ কর্মকর্তা/কর্মচারীগণের চাকুরী সংশ্লিষ্ট বৎসরে ৬ মাস পূর্ণ না হইলেও তাহারা ঐ বৎসরের প্রকৃত চাকুরীকালের জন্য আনুপাতিক হারে এক্সগ্রেসিয়া পাইবেন। তাহাদের/তাহাদের উত্তরাধিকারীগণের আবেদনের প্রেক্ষিতে সর্বশেষ কর্মস্থল হইতে এক্সগ্রেসিয়া বিতরণ করা হইবে,

৫) যে সকল কর্মকর্তা/কর্মচারী ব্যাংকের চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত হইয়াছেন বা সাময়িকভাবে বরখাস্ত হইয়াছেন তাহারা এক্সগ্রেসিয়া পাইবেন না। তবে এইরূপ কোন কর্মকর্তা/কর্মচারী পরবর্তীতে চাকুরীতে পূর্ণবহাল হইলে তাহাকে এক্সগ্রেসিয়া প্রদান করা যাইবে,

৬) শৃংখলাজনিত অপরাধে জড়িত যেই সকল কর্মকর্তা/কর্মচারীকে গুরুদন্ড প্রদান করার সাময়িক সিদ্ধান্ত গৃহীত হইয়াছে মোকদ্দমা চুড়ান্ত নিস্পত্তি না হওয়া পর্যন্ত তাহারা এক্সগ্রেসিয়া পাইবেন না;

৭) ব্যাংকের চাকুরী হইতে পদত্যাগকারী কর্মকর্তা/কর্মচারীগণ এক্সগ্রেসিয়ার যোগ্য হইবেন না। তবে যদি কেহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিয়া এমন কোন নুতন চাকুরী গ্রহণ করিবার উদ্দেশ্যে পদত্যাগ করেন যেই চাকুরীতে তাহার কৃষি ব্যাংকের চাকুরীর ধারাবাহিকতা বজায় থাকে তাহা হইলে এইরূপ পদত্যাগকারীগণ সংশ্লিষ্ট বৎসরের প্রকৃত চাকুরীকালের জন্য আনুপাতিক হারে এক্সগ্রেসিয়া পাইবেন;

৮) সংশ্লিষ্ট বৎসরে/অর্থ বৎসরে অত্র ব্যাংকের যেই সকল কর্মকর্তা/কর্মচারী অন্য কোন সংস্থায় প্রেষণে/লিয়েনে নিয়োজিত ছিলেন/থাকিবেন তাহারাও অন্যান্য শর্তসাপেক্ষে এক্সগ্রেসিয়া প্রাপ্য হইবেন। তবে এই বাবদ সকল ব্যয় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী যেই সংস্থায় প্রেষণে/লিয়েনে নিয়োজিত ছিলেন/থাকিবেন সেই সংস্থাকে বহন করিতে হইবে,

এক্ষণ--------প/২

৯) অত্র ব্যাংকে সার্বক্ষণিকভাবে নিয়োজিত ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপক এবং সরকার কর্তৃক সরাসরি নিয়োজিত বা অন্য কোন সংস্থা হইতে অত্র ব্যাংকে প্রেষণে নিয়োজিত অন্যান্য কর্মকর্তা/কর্মচারী যাহারা অত্র ব্যাংকের নিজস্ব চাকুরী বিধির আওতায় পড়েন না তাহারাও এক্সগ্রেশিয়া পাইবেন। তবে তাহারা যদি সংশ্লিষ্ট বৎসরের জন্য অন্য কোন সংস্থা হইতে এক্সগ্রেশিয়া/উৎসব বোনাস গ্রহণ করিয়া থাকেন তাহা হইলে অত্র ব্যাংক হইতে এক্সগ্রেশিয়া পাইবেন না। অন্য কোন সংস্থা হইতে গ্রহণ না করিলে সংশ্লিষ্ট বৎসরের জন্য তাহাদের আবেদনের (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হইতে গ্রহণ না করার প্রত্যয়নসহ) ভিত্তিতে অত্র ব্যাংক হইতেই এক্সগ্রেশিয়া পাইবেন,

১০) রূপালী ব্যাংকসহ অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হইতে আত্তীকরণকৃত কর্মচারীগণ তাহাদের পূর্বতন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বৎসরের/অর্ধ বৎসরের এক্সগ্রেশিয়া/উৎসাহ বোনাস গ্রহণ না করিলে তাহারা অত্র ব্যাংক হইতে এক্সগ্রেশিয়া পাইবেন,

১১) সংশ্লিষ্ট বৎসরে অবসর প্রস্তুতিমূলক ছুটি ভোগকারী কর্মকর্তা/কর্মচারীগণ ছুটিকালের জন্য আনুপাতিক হারে তাহাদের ছুটি-প্রারম্ভের প্রাক্কালে আহরিত বেতনের উপর এক্সগ্রেশিয়া পাইবেন;

১২) যেই তারিখের বেতনের উপর ভিত্তি করিয়া এক্সগ্রেশিয়া প্রদান করা হইবে ঐ তারিখে যদি কেহ পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটিতে থাকে (অবসর প্রস্তুতিমূলক ছুটি ব্যতীত) তাহা হইলে ছুটিতে না থাকিলে ঐ তারিখে তাহাদের বেতন যত হইত তাহার উপর এক্সগ্রেশিয়া পাইবেন,

১৩) সংশ্লিষ্ট বৎসর/অর্ধ বৎসরে বিনা বেতনে অসাধারণ ছুটি ভোগকারী কর্মকর্তা/কর্মচারীগণ অসাধারণ ছুটিকাল বাদ দিয়া অবশিষ্ট চাকুরীকালের জন্য অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে আনুপাতিক হারে এক্সগ্রেশিয়া পাইবেন।

২। বেতনের সংজ্ঞা :

এক্সগ্রেশিয়া প্রদানের আদেশে যদি ভিন্নরূপ কিছু উল্লেখ না থাকে তাহা হইলে এক্সগ্রেশিয়া হিসাবের জন্য বেতন বলিতে যেই বৎসরের/অর্ধ বৎসরের জন্য এক্সগ্রেশিয়া প্রদান করা হইয়াছে/হইবে ঐ বৎসরের/অর্ধ বৎসরের শেষ কর্মদিবসের মূল বেতনকে বুঝাইবে এবং ইহাতে অফিসিয়েটিং পে/স্পেশাল পে/পার্সোনাল পে/টেকনিক্যাল পে (যদি থাকে) অন্তর্ভুক্ত হইবে।

৩। বিতরণ ও হিসাব পদ্ধতি:

(১) এক্সগ্রেশিয়া প্রদানের জন্য প্রধান কার্যালয় হইতে বিতরণের আদেশ ব্যতীত অন্য কোন অধিকার পত্র জারী করা হইবে না। কোন কর্মকর্তা/কর্মচারীকে তাহার প্রাপ্য অপেক্ষা অতিরিক্ত এক্সগ্রেশিয়া প্রদান করা হইলে সেই জন্য আহরন ও বয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকিবেন। ১১৭-ডিকবি সাধারণ হিসাব হইতে এক্সগ্রেশিয়ার অর্থ প্রদান করা হইবে,

(২) শাখা ব্যবস্থাপকগণ কর্মকর্তা/কর্মচারীগণকে প্রদত্ত এক্সগ্রেশিয়ার টাকার পরিমাণ উল্লেখ পূর্বক নিম্নোক্ত "ছক" মোতাবেক বিবরণী ও ডেবিট এডভাইস স্ব স্ব আঞ্চলিক ব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের নিকট প্রেরণ করিবেন। আঞ্চলিক ব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক তাহার অঞ্চলের সকল শাখা হইতে বিবরণীসহ ডেবিট এডভাইস সংগ্রহ করিয়া প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করিবেন।

" ছক "

বাংলাদেশ কৃষি ব্যাংক

--------------- /শাখা/ অফিস

কর্মকর্তা/কর্মচারীগণের ------------- বৎসরের জন্য এক্সগ্রেশিয়া বাবদ প্রদানকৃত অর্থের বিবরণী।

| ক্রমিক নং | নাম | পদবী | -------- ইং তারিখে প্রদত্ত বেতন | ----- বৎসরে ব্যাংকে কর্মরত সময় | প্রদানকৃত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|

৪। উপরোক্ত নীতিমালা ১৯৯১ সালের এক্সগ্রেশিয়া প্রদানের ক্ষেত্র হইতে কার্যকর হইবে। উক্ত নীতিমালা প্রবর্তনের সঙ্গে একই বিষয়ে ইতিপূর্বে জারীকৃত সকল নীতিমালা, ব্যাখ্যার, ইত্যাদি বাতিল বলিয়া গণ্য হইবে। তবে ব্যাংকের বোর্ড অনুমোদন ও পাশ না হওয়া সত্ত্বেও ইতিপূর্বে বলবৎ নীতিমালার আলোকে যদি কোন কর্মকর্তা/কর্মচারী এক্সগ্রেশিয়া গ্রহণ করিয়া থাকেন তাহাদের নিকট হইতে উহা আদায় করা হইবে না।

আদেশক্রমে-

২৫/১১/৯৬

( মাহফুজা বানু )
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-২/১৬(১)৯৬-৯৭/৯৫৭(১২৫০)    তারিখ: ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:-

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বিকেবি।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি।
৪। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
৫। জনসংযোগ সেল/কম্পিউটার সেল/পেনশন শাখা(মানব সম্পদ বিভাগ), বিকেবি, প্রকা, ঢাকা।
৬। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।
৭। নথি/মহানথি।

( মোঃ কোরবান আলী )
সহকারী মহাব্যবস্থাপক

তোফাজ্জল
--------